# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
(সমন্বয় বিভাগ)
www.badc.gov.bd

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর মাঠ পর্যায়ের যুগ্মপরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রকদের সমন্বয়ে অনুষ্ঠিতব্য জুলাই-সেপ্টেম্বর ২০২০ মাসের ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যপত্র ।**

আলোচ্য বিষয়-১: বিগত ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।

আলোচ্য বিষয়-২: বিগত ত্রৈমাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

আলোচ্য বিষয়-৩: বিবিধ।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>অগ্রগতি/বিবরণ</th><th>সিদ্ধান্ত প্রস্তাব</th></tr>
<tr><td>০১.</td><td>বিএডিসি'র মাঠ পর্যায়ে জনবল সংকট সংক্রান্ত।</td><td>ক. শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ. বিএডিসি' র মাঠ পর্যায়ে জনবল সংকট নিরসনে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ. শূন্যপদের বিপরীতে ছাড়পত্র প্রাপ্তি বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে জানানো হয়েছে,<table><tr><th>বিষয়</th><th>সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr><tr><td>০১. নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য</td><td>৮৭৯</td><td>১। ৭৮টি পদে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়েছে। লিখিত পরীক্ষার ফলাফল প্রেরণের জন্য বুয়েটকে পুনরায় তাগিদ দেয়া হয়েছে।<br>২। ১০৪টি পদের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। লিখিত পরীক্ষা গ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হয়েছে। করোনা পরিস্থিতি বিবেচনায় নিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক লিখিত পরীক্ষার সময় নির্ধারণ করা হবে।<br>৩। ১৬১টি পদে নিয়োগের জন্য ২০ জুলাই ২০২০ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ২০/০৮/২০২০ তারিখ পর্যন্ত আবেদনের শেষ সময় ছিল। টেলিটক হতে আবেদনকারীর সংখ্যা পাওয়া গেছে। আবেদনপত্র হতে প্রাপ্ত অর্থ পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>৪। গাড়ি চালকের ২৭৭টি পদের ছাড়পত্র মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। উক্ত পদে পূর্বের ২০০৯ সালের নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের বিষয়ে আইগগত মতামত চাওয়া হয়েছে।</td></tr></table></td><td>-</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | | | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ৫। ১৯ গ্রেডের ১৮টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। সরাসরি নিয়োগের ক্ষেত্রে আউটসোর্সিং-এর মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের মতামত পাওয়া গেছে। শ্রীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হবে।<br>৬। ১০৫টি পদে ছাড়পত্র গ্রহণের জন্য ৩০/০৭/২০২০ তারিখে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ছাড়পত্র এখনও পাওয়া যায় নি।<br>৭। সম্প্রতি শূন্য ১৭টি পদের ছাড়পত্র গ্রহণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।<br>৮। ১০% পদ সংরক্ষণযোগ্য। | |
| | | | ০২. পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য | ২৬৯ | পদোন্নতি কার্যক্রম চলমান রয়েছে। গত ১৪ মে ২০২০ তারিখে ২৫ জন কর্মচারীদের পদোন্নতি প্রদান করা হয়েছে। সহকারী মেকানিক পদ হতে পদোন্নতির জন্য গ্রেডেশন চূড়ান্তকরণের জন্য কমিটি গঠিত হয়। কমিটি আগামী ২০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করেছে। চূড়ান্ত গ্রেডেশন তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ পর্যায়ে উপসহকারী প্রকৌশলীর ৩৭টি পদে পদোন্নতি প্রদান করা সম্ভব হবে। | |
| | | | ০৩. ফিডার পদে প্রয়োজনীয় অভিজ্ঞতার বয়স পূর্ণ না হওয়ায় পদোন্নতি প্রদান করা সম্ভব হচ্ছে না | ৬৩৯ | ফিডার পদে কর্মরতদের অভিজ্ঞতার বয়স পূর্ণ হলে পদোন্নতি প্রদানযোগ্য হবে। | |
| | | | ০৪. জনবল কাঠামোতে পদ রয়েছে; কিন্তু নিয়োগবিধি নেই। | ২৯৮ | প্রবিধানমালা সংশোধনপূর্বক বর্ণিত বিষয়ে নিয়োগ কার্যক্রম গ্রহণযোগ্য হবে। প্রবিধানমালা সংশোধন/প্রণয়ন প্রস্তাব বিগত ০৯/০৮/২০২০ তারিখে ৮১ নং স্মারকে পুনরায় কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | | ০৫. আদালতের নিষেধাজ্ঞার কারণে পূরণ করা যাচ্ছে না — ১১৬৮ — এ বিষয়ে বর্তমানে আদালতে ২টি মামলা রয়েছে। নিষ্পত্তি কার্যক্রম চলমান রয়েছে।<br>০৬. অন্যান্য সমস্যা — ১৮ — প্রস্তাবিত জনবল কাঠামোতে পদসমূহ বিলুপ্তির সুপারিশ করা হয়েছে। কৃষি মন্ত্রণালয়ের ২৫ জুন ২০২০ তারিখের ১৩৫ নং স্মারক মোতাবেক জনবল কাঠামোর পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের নির্দেশনা দেয়া হয়েছে। সে অনুযায়ী পূর্ণাঙ্গ প্রস্তাব শীঘ্রই প্রেরণ করা হবে।<br>মোট — ৩৪৩৯ | |
| ০২. | বিএডিসি'র মাঠ পর্যায়ে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি বরাদ্দ সংক্রান্ত । | ক. বিএডিসি'র সমাপ্ত প্রকল্পের গাড়িসমূহ সাধারণ পরিচর্যা বিভাগে হস্তান্তর করতে হবে। সাধারণ পরিচর্যা বিভাগ কর্তৃক প্রকল্পের গাড়িসমূহ বিএডিসি'র TO&E তে অন্তর্ভুক্তপূর্বক চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে গাড়িসমূহ বন্টন/পুনঃ বন্টন করতে হবে।<br>খ. বিএডিসি'র মাঠ পর্যায়ে সকল প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি সরবরাহ করতে হবে।<br>গ. রাজস্ব বাজেটের আওতাধীন গাড়ি ক্রয়ের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে । | সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়েছে, ২০১৯-২০ অর্থ বছরে সমাপ্ত প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্পের আসবাবপত্র ও যানবাহন (প্রযোজ্য ক্ষেত্রে) ইতোমধ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বরাদ্দ দেয়া হয়েছে। তবে এখনও একটি প্রকল্পের যানবাহন ও আসবাবপত্র সাধারণ পরিচর্যা বিভাগের নিকট হস্তান্তর করা হয়নি। | - |
| ০৩. | সংস্থার নিজস্ব আয় বৃদ্ধিকরণ সংক্রান্ত। | ক. বিএডিসি'র নিজস্ব খামার/উদ্যান উন্নয়ন কেন্দ্র ও এগ্রো সার্ভিস সেন্টারে ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও বিপণনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ. সংস্থার সকল খাতের আয় ও ব্যয়ের হিসাব পরবর্তী ত্রৈমাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ক. খামার বিভাগ হতে জানানো হয়েছে, সংস্থার নিজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে বিএডিসি'র বিভিন্ন খামারে ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও বিপণনের তথ্য পরিশিষ্ট-২(ক) তে সংযোজন করা হয়েছে।<br>খ. অর্থ বিভাগ হতে জানানো হয়েছে, ২০১৯-২০ অর্থ বছরে মোট প্রাপ্ত আয় ৫০৫৬৫.৩১ লক্ষ টাকা। এর মধ্যে সরকার থেকে প্রাপ্ত আয় ৪৮৯৫২.৪৬ লক্ষ টাকা এবং নিজস্ব উৎস হতে প্রাপ্ত আয় ১৬১২.৮৫ লক্ষ টাকা। আয় হতে মোট ব্যয় ৪৮৪৫৬.৩২ লক্ষ টাকা। এর মধ্যে GOB অংশের ব্যয় ৪৭৭৩৭.৮৫ লক্ষ টাকা এরং নিজস্ব আয়ের বিপরীতে ব্যয় ৭১৮.৮৭ লক্ষ টাকা।<br>২০১৯-২০ অর্থ বছরের সংস্থার সকল খাতের আয় ও ব্যয়ের হিসাব সংযোজন করা হয়েছে (পরিশিষ্ট-২ (খ))। | - |
| ০৪. | বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমণ ভাতা বৃদ্ধি | ক. বিএডিসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং এর নিমিত্ত মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ভ্রমণ ব্যয় খাতে চাহিদা মাফিক বাজেট | অর্থ বিভাগ হতে জানানো হয়েছে,<br>ক. ২০১৯-২০ অর্থ বছরে ভ্রমন ব্যয় খাতে মাঠ পর্যায়ের চাহিদার আলোকে সন্তোষজনকভাবে বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছিল। বর্তমান অর্থ | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | সংক্রান্ত। | বরাদ্দ করতে হবে।<br>খ. মাঠ পর্যায়ে গ্যাস ও জ্বালানী খাতে চাহিদা মাফিক প্রয়োজনীয় বাজেট বরাদ্দ করতে হবে। | বছরেও চাহিদা মোতাবেক বাজেটের সংস্থান আছে। কিন্তু অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৯ তারিখ-১৯/০৭/২০২০ এর পরিপত্রের মাধ্যমে নির্দেশনার আলোকে ভ্রমন ব্যয় খাতে বাজেট বরাদ্দ সীমিত করা হয়েছে।<br>খ. পর্যায়ক্রমে মাঠ পর্যায়ে গ্যাস ও জ্বালানী খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি করা হচ্ছে। | |
| ০৫. | বিএডিসি'র পাথিলা খামারে সীমানা নির্ধারণ এবং খামারের জলাভূমি সংলগ্ন খাস জমিসমূহ অধিগ্রহণ সংক্রান্ত। | বিএডিসি'র পাথিলা খামারের জলাভূমি এলাকায় (পদ্ম গঙ্গা বিল) সীমানা নির্ধারণ ও খামারের জলাভূমি সংলগ্ন খাসজমিসমূহ অধিগ্রহণের বিষয়ে গঠিত কমিটিকে কর্তৃপক্ষ বরাবর সুপারিশসহ প্রতিবেদন দাখিল করতে হবে। | খামার বিভাগ হতে জানানো হয়েছে,<br>বিএডিসি'র পাথিলা খামারের জলাভূমি এলাকায় (পদ্মা গঙ্গা বিল) সীমানা নির্ধারণ ও খামারের জলাভূমি সংলগ্ন খাসজমিসমূহ অধিগ্রহণের বিষয়ে গঠিত কমিটিকে সুপারিশসহ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণের জন্য খামার বিভাগের স্মারক নং ৩৯৭ তারিখ ১৪/০৯/২০২০ অনুযায়ী পত্র প্রেরণ করা হয়েছে। | - |
| ০৬. | উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদান সংক্রান্ত। | নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের উপর ধারণা প্রদান করতে হবে। সর্বশ্রেষ্ঠ আইডিয়া প্রদানকারীকে পুরস্কৃত করা হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে, নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত উদ্ভাবনী উদ্যোগের ২৬টি ধারণা পাওয়া গেছে। নাগরিকদের সেবা প্রদান সহজতর করার নিমিত্ত বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। | - |
| ০৭. | নাগরিক সেবায় মেন্ডেটরি কমপ্লায়েন্স অফ সার্ভিস সংক্রান্ত। | ক. মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সর্বশেষ সিটিজেন চার্টারের ছক পূরণপূর্বক প্রদর্শন করতে হবে।<br>খ. সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি সংশ্লিষ্ট সেবা, সেবা গ্রহীতাদের প্রদান করতে হবে। | বিভিন্ন বিভাগ/দপ্তর হতে জানানো হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে সিটিজেন চার্টার অনুযায়ী বিএডিসি সংশ্লিষ্ট সেবা প্রদান করা হচ্ছে। | - |
| ০৮. | মাঠ পর্যায়ে অঞ্চল ভিত্তিক সমন্বয় সভা সংক্রান্ত। | মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করতে হবে এবং সভার কার্যবিবরণী সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট অঞ্চলের হিসাব নিয়ন্ত্রক সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। | মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট অঞ্চলের উর্ধ্বতন কর্মকর্তার সভাপতিত্বে তিন মাস অন্তর অন্তর সমন্বয় সভা করা হচ্ছে। মাঠ পর্যায়ের সমন্বয় সভার কার্যবিবরণী সমন্বয় বিভাগে পাওয়া যাচ্ছে। | - |
| ০৯. | বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণ সংক্রান্ত। | বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের স্মার্ট আইডি কার্ড বিতরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়েছে, সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে অদ্যাবধি ২১৬৮ জন কে স্মার্ট আইডি কার্ড প্রদান করা হয়েছে। অন্যদিকে সাধারণ পরিচর্যা বিভাগের মাধ্যমে ৩৩৫ জন কে বায়োমেট্রিক কার্ড প্রদান করা হয়েছে। পর্যায়ক্রমে আরও বায়োমেট্রিক কার্ড প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। | - |
| ১০. | বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত। | ক. বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাঠ পর্যায়ের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে ফলপ্রসু/অধিকতর জোরদার করতে হবে। | গবেষণা বিভাগ হতে জানানো হয়েছে,<br>ক. রাজস্ব খাতের অর্থায়নে বাস্তবায়িত ৭ টি গবেষণা কার্যক্রম বিএআরসি'র পাশাপাশি বিএডিসি'র গবেষণা সেলে তত্বাবধানে মনিটরিং করার জন্য মূল্যায়ন কমিটি গঠন করে প্রতি তিনমাস অন্তর অন্তর বিএডিসি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা যেতে পারে। | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | খ. বিএডিসি'র চলমান গবেষণা কার্যক্রম সম্পন্ন করার জন্য রাজস্ব খাত হতে বিভাগ ভিত্তিক বাজেট বরাদ্দ করতে হবে। | খ. বিএডিসি'র নামে ছাড়করণের জন্য বিভিন্ন ফল-ফসরের জাত সমূহের ফিল্ড ট্রায়াল চলমান<br>গ. ডুমুর, বড়ই, সালাদ কচু ও সরিষার পুষ্টি উপাদান বিশ্লেষনের জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে নমুনা প্রেরণ করা হয়েছে। | |
| ১১. | বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ সার সরবরাহ সংক্রান্ত। | বিএডিসি কর্তৃক মাইক্রো-নিউট্রিয়েন্ট সমৃদ্ধ সার সরবরাহের নিমিত্ত Concept Paper প্রণয়ন করতে হবে। | সার ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে, বোরন ও জিংক সালফেট সার আমদানির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিএডিসি'র সার ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং-২০৩৭; তাং: ১০/০৭/২০১৯ মারফত মাঠ পর্যায়ের দপ্তরসমূহ হতে বিভিন্ন তথ্য চাওয়া হয়েছে। মাঠপর্যায় থেকে প্রাপ্ত তথ্য এবং ইন্টারনেট থেকে প্রাপ্ত সারের মূল্যের ভিত্তিতে প্রাক্কলন তৈরি করে জি-টু-জি পদ্ধতিতে সার আমদানির জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্দ চেয়ে স্মারক নং-৪৬৯; তাং: ০৪/১১/২০১৯ মূলে সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর পত্র দেওয়া হয়েছে। | - |
| ১২. | বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের পোশাক পরিচ্ছেদ সমতা বিধান সংক্রান্ত। | বিএডিসি'র বিভিন্ন উইং এর গাড়ি চালকদের ওভার টাইম ও কর্মচারীদের মধ্যে পোশাক পরিচ্ছেদ সংক্রান্ত বৈষম্য দূরীকরণের জন্য গঠিত কমিটিকে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে,<br>এ বিষয়ে বিগত ০২-০৯-২০১৯ তারিখে সদস্য পরিচালক অর্থ মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। | - |
| ১৩. | সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা নিষ্পত্তি সংক্রান্ত । | ক. সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>খ. বিএডিসি'র বিভিন্ন গুদামে ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা পরিবেশ বান্ধব উপায়ে অপসারণ/বিনষ্টের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা'কে আহবায়ক করে ৪ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক বিভিন্ন সার গুদামে রক্ষিত ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তার তথ্য সংগ্রহ করা হয় এবং ২৩,৫৩,৭৬৪ টি ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন সার গুদামে রক্ষিত আছে । ছেঁড়া/ফাটা ও অকেজো সারের বস্তা পরিবেশ বান্ধব উপায়ে অপসারণ/বিনষ্টের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের পরামর্শ চেয়ে স্মারক নং-৩৮৮; তারিখ: ২৩/১০/১৯ মোতাবেক পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু এ যাবৎ কোন পরামর্শ প্রদান করা হয়নি। পরিবেশ বান্ধব উপায়ে সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিভিন্ন সার গুদামে রক্ষিত ছেঁড়া/অকেজো সারের বস্তা অপসারণ/বিনষ্টের পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদানের অনুরোধ জানিয়ে স্মারক নং-৯৯৩; তারিখ : ০৯/০১/২০২০ মূলে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। | - |
| ১৪. | বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ সংক্রান্ত। | ক. বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলারশিপে নিবন্ধনের বিষয়ে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ. বিএডিসি'র সকল বীজ ডিলারদের সার বরাদ্দ দেয়ার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের | সার ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে, বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ বিষয়ে অত্র সংস্থার চেয়ারম্যান মহোদয়ের স্বাক্ষরে সার ব্যবস্থাপনা বিভাগের দপ্তর স্মারক নং-১৫০৫; তাং: ০৩/০৪/২০১৭,স্মারক নং: ১৮৬৩;তাং: ১৫/০৬/২০১৭, স্মারক নং:-১১৪; তাং: ১৫/০৭/২০১৮ এবং স্মারক নং-১৩৬৪; তাং: | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | জন্য জেলা বীজ ও সার মনিটরিং এর সভাপতি বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ০৫/০২/২০১৯ এবং সর্বশেষ স্মারক নং-১০৩০;তারিখ: ১৪/০১/২০২০ মারফত কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের পরবর্তী নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে বিসিআইসি'র সকল সার ডিলারদের বিএডিসি'র সার ডিলার হিসাবে নিবন্ধনকরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হবে। | |
| ১৫. | বিএডিসি'র অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত। | ক. অডিট আপত্তির বিষয়ে মাঠ পর্যায়ের সকল দপ্তর প্রধানকে সজাগ থাকতে হবে।<br>খ. বিএডিসি'র অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্ত মাঠ পর্যায় হতে নিয়মিত কার্যপত্র প্রেরণ করতে হবে। | বিএডিসি'র অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সংস্থার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে নিয়মিত সভা করা হয়। এ বিষয়ে অডিট বিভাগ অগ্রগতি উপস্থাপন করতে পারে। | - |
| ১৬. | বিএডিসি'র মামলাসমূহ পরিচালনা করার নিমিত্ত হাইকোর্টসহ জর্জকোর্টের আইনজীবীদের ফি বৃদ্ধিকরণ সংক্রান্ত। | বিএডিসি'র মামলাসমূহ পরিচালনা করার নিমিত্ত হাইকোর্টসহ জর্জকোর্টের আইনজীবীদের ফি বৃদ্ধির প্রস্তাব সাধারণ পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | আইন বিভাগ হতে জানানো হয়েছে,<br>বিএডিসি'র মামলাসমূহ পরিচালনা করার জন্য নিয়োগকৃত প্যানেল এ্যাডভোকেটদের ফি বৃদ্ধিকরণ সংক্রান্ত কার্যপত্র সাধারণ পর্ষদ সভায় উপস্থাপন করার নিমেত্তে সমন্বয় বিভাগে প্রেরণ করা হয়েছে। | - |
| ১৭. | বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কর্মস্থলে যথাসময়ে উপস্থিত ও হাজিরা খাতায় স্বাক্ষর সংক্রান্ত। | ক. বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে।<br>খ. সদর দপ্তরে বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের ইলেকট্রনিক পদ্ধতিতে হাজিরা নেয়ার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল বিভাগ হতে জানানো হয়েছে,<br>ক) সাধারণ পরিচর্যা বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী যথাসময়ে হাজিরা খাতায় স্বাক্ষর প্রদানের বিষয়টি নিয়মিতভাবে কর্তৃপক্ষ কর্তৃক তদারকি করা হয়ে থাকে।<br>(খ) সদর দপ্তরে বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের ইলেকট্রনিক হাজিরা বিভাগভিত্তিক আলাদাভাবে প্রিন্ট করার বিষয়টি বায়োমেট্রিক কার্ড প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে নিশ্চিত করা সম্ভবপর হয়েছে মর্মে জানানো হয়। তবে মহামারী করোনার কারণে উক্ত ইলেকট্রনিক হাজিরার বিষয়টি স্থগিত আছে। | - |
| ১৮ | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ সংক্রান্ত। | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধ করার নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিএডিসি'র চুক্তিবদ্ধ চাষীদের বীজের মূল্য যথাসময়ে পরিশোধের বিষয়ে ক. গ্রো. বিভাগ অগ্রগতি উপস্থাপন করতে পারে। | - |
| ১৯. | বিএডিসি'র প্রস্তাবিত Reorganogram অনুমোদন সংক্রান্ত। | বিএডিসি'র প্রস্তাবিত Reorganogram চূড়ান্ত অনুমোদনের বিষয়ে যথাযথ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে, বিএডিসি'র জনবল কাঠামো অনুমোদনের জন্য কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। মন্ত্রণালয় হতে কিছু তথ্য চাওয়া হয়েছে। মন্ত্রণালয়ের যাচিত তথ্য প্রস্তুত করা হয়েছে। খুব শ্রীঘ্রই কৃষি মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ করা হবে। | - |
| ২০. | আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক (বগুড়া) এর অফিস ভবন মেরামত সংক্রান্ত। | বিএডিসি'র সকল আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয় প্রয়োজনীয় মেরামত/সংস্কার ও উপযুক্ত স্থানে স্থানান্তরের নিমিত্ত সদস্য পরিচালক (অর্থ)কে আহবায়ক, মহাব্যবস্থাপক (বীজ), প্রধান প্রকৌশলী (নির্মাণ), মহাব্যবস্থাপক(অর্থ)কে সদস্য এবং হিসাব নিয়ন্ত্রক, বিএডিসিকে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন | ক. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে,<br>এ বিষয়ে বিগত ১৪ জানুয়ারি ২০২০ তারিখে সদস্য পরিচালক (অর্থ) মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে।<br>খ. নির্মাণ বিভাগ হতে জানানো হয়েছে, | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | করতে হবে। গঠিত কমিটিকে সুপারিশসহ প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে। সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে এ বিষয়ে একটি অফিস আদেশ জারি করতে হবে। | কমিটির সদস্য কর্তৃক আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক দপ্তরসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন জমা দেয়ার সিদ্ধান্ত হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রাম, রাঙামাটি ও ময়মনসিংহ আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক দপ্তর প্রধান প্রকৌশলী (নির্মাণ) কর্তৃক পরিদর্শন করা হয়েছে। | |
| ২১. | নির্ধারিত সময়ে বিএডিসি'র প্রকল্পসমূহ বাস্তবায়ন সংক্রান্ত । | ক. নির্ধারিত সময়ের মধ্যে গুণগত মান বজায় রেখে বিএডিসি'র প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।<br>খ. বিএডিসি'র প্রকল্পসমূহের আওতায় বৈদেশিক প্রশিক্ষণ/ভ্রমণ সংস্থান থাকলে তা জুন মাসের পূর্বেই সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর অগ্রগতি উপস্থাপন করবেন । | - |

মোঃ জান্নাতুল মিয়া
উপপরিচালক
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।

**পরিশিষ্ট-১**

## এক নজরে সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত সংস্থার জনবলের তথ্যঃ

| গ্রেড/শ্রেণি ভিত্তিক জনবল সম্পর্কিত তথ্য: ১৩.০৯.২০২০ | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র. | শ্রেণি | গ্রেড | মঞ্জুরীকৃত পদ সংখ্যা | | | কর্মরত পদ সংখ্যা ১৩.০৯.২০২০ | | | শূন্য পদ সংখ্যা | | |
| | | | সরাসরি পূরণযোগ্য | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য | মোট | সরাসরি নিয়োগপ্রাপ্ত | পদোন্নতির মাধ্যমে কর্মরত | মোট | সরাসরি পূরণযোগ্য | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য | মোট |
| ১ | ১ম | ১-৯ | ২৫৯ | ৫৭৫ | ৮৩৪ | ১৬৩ | ৫০১ | ৬৬৪ | ৯৬ | ৭৪ | ১৭০ |
| ২ | ২য় | ১০ | ৬৬১ | ২০৮ | ৮৬৯ | ৫৬৫ | ১১১ | ৬৭৬ | ৯৬ | ৯৭ | ১৯৩ |
| ৩ | ৩য় | ১১-১৫ | ২৪৩৯ | ৯১৯ | ৩৩৫৮ | ১৩৬৫ | ১৭০ | ১৫৩৫ | ১০৭৪ | ৭৪৯ | ১৮২৩ |
| ৪ | ৪র্থ | ১৬-২০ | ১৭২৫ | ১৪ | ১৭৩৯ | ৫০৯ | ৭ | ৫১৬ | ১২১৬ | ৭ | ১২২৩ |
| | | মোট | ৫০৮৪ | ১৭১৬ | ৬৮০০ | ২৬০২ | ৭৮৯ | ৩৩৯১ | ২৪৮২ | ৯২৭ | ৩৪০৯ |
| | | | | | | | % | ৪৯.৮৭ | | % | ৫০.১৩ |

পরিশিষ্ট-২(ক)

## বীজ উৎপাদন খামার বিভাগের আওতাধীন খামারসমূহের ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও বিপণনের তথ্যঃ

| ক্রঃ নং | খামারের নাম | কার্যক্রম গ্রহণের সময় | নভেম্বর/১৯ পর্যন্ত উৎপাদিত ভার্মি কম্পোষ্ট | উৎপাদিত ভার্মি কম্পোষ্ট এর ব্যবহার | বিক্রিত কম্পোষ্টের পরিমাণ। (কেজি) | বিক্রিত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | মধুপুর | ১৪ ফেব্রুয়ারি ২০১৭ | ২৭৯৪০ | বীজ তলা,মূলজমি,ফল ও ফুলের বাগানে ব্যবহৃত হচ্ছে। | ৩৯২০ | ৪১,৯০০/- | ৮/-, ১০/-, ১২/- টাকা দরে বিক্রি হচ্ছে। |
| ০২. | করিঞ্চা | মে ২০১৭ | ৩৫২৫ | বীজ তলা,আলুর জমি,ফল ও ফুলের বাগানে ব্যবহৃত হচ্ছে। | - | - | - |
| ০৩. | মথুরা | ২০১৭-১৮ | ১৮০০ | বীজ তলা ও অন্যান্য ফসলে। | - | - | - |
| ০৪. | কুশাডাঙ্গা | জুলাই ২০১৭ | ২৫০০ | বীজতলা,ফলবাগান ও মূলজমিতে। | - | - | - |
| ০৫. | গোকুলনগর | মে ২০১৭ | ৪০০০ | আলুবীজ ফসলের , বীজতলা ও ফল বাগানে ব্যবহৃত করা হচ্ছে | - | - | - |
| ০৬. | পাথিলা | ২০১৭-১৮ | ৩৫১০ | বীজতলা আউস,আমন, বোরো ও আলু ফসলের ব্যবহার। | - | - | - |
| ০৭. | দশমিনা | জুন ২০১৭ | ১০০০ | খামারের ফুল গাছে। | - | - | - |
| ০৮. | টেবুনিয়া | ২০১৮-১৯ | ২৬০০ | বীজ তলা,মূলজমি, ফল ও ফুলের বাগানে ব্যবহৃত | - | - | - |
| | **মোট উৎপাদন** | | **৪৬৮৭৫** | | **৩৯২০** | **৪১,৯০০/-** | |

**পরিশিষ্ট-২(খ)**

### ২০২০-২১ অর্থ বছরের জুলাই ও আগস্ট মাসের সংস্থার আয় ও ব্যয় বিবরণী

**ক. সরকার থেকে প্রাপ্ত আয়ের আলোকে (১ম কিস্তি) :**

(লক্ষ টাকায়)

| ক্র.নং | খাতের নাম | আয় | ব্যয় |
|---|---|---|---|
| ১ | বেতন ও ভাতাদি বাবদ সহায়তা | ৬১২৩.১৮ | ৩৬২৯.২২ |
| ২ | পন্য ও সেবা বাবদ সহায়তা : | | |
| | ক) অফিস পরিচালন ব্যয় | ৭২৩.৭৩ | ১৯৬.৬২ |
| | খ) বীজের ৭ টি সাব কার্যক্রম | ৩২৫০.০০ | ৩২৫০.০০ |
| ৩ | পেনশন ও অবসর সুবিধা সহায়তা | ২২১৬.৩২ | ০. |
| ৪ | গবেষণা অনুদান | ১.৭৫ | ০. |
| ৫ | অন্যান্য অনুদান | ১১৩.৭৫ | ৯.৮৫ |
| ৬ | যন্ত্রপাতি অনুদান | ০.০০ | ০. |
| | মোট | **১২৪২৮.৭৩** | **৭০৮৫.৬৯** |

**খ. নিজস্ব আয়ের আলোকে :**

(লক্ষ টাকায়)

| ক্র.নং | **আয় সমূহ:** | টাকা |
|---|---|---|
| ১ | বাড়ি ভাড়া প্রাপ্তি | ৭৬.৮১ |
| ২ | গুদাম ভাড়া | ৩.৪৫ |
| ৩ | অফিস ভাড়া | ১.০৮ |
| ৪ | সুদ প্রাপ্তি | ১০৪.২৯ |
| ৭ | বিবিধ প্রাপ্তি | ৬১.৮৩ |
| ৮ | যানবাহন ভাড়া আদায় | ১.৪৪ |
| | **মোট** | **২৪৮.৯** |
| ক্র.নং | **ব্যয় সমূহ :** | টাকা |
| ১ | গোষ্ঠি বিমার প্রিমিয়াম | ২০০. |
| | **মোট** | **২০০.০০** |

**পরিশিষ্ট-৩**

বিএডিসি'র চলমান গবেষণার তালিকা ।

| ক্রঃ নং | গবেষনার শিরোনাম | ২০১৯-২০ অর্থ বছরে বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|
| ০১. | Purification and improvement of short duration rice (Aus/Aman) cultivars and quality seed supply for climate change adaptation Project. | |
| ০২. | Seed quality determination of different Climate resilient crop varieties and their seed quality improvement. | |
| ০৩. | Standardization of Sieve Sizes for Grading of Different Crop Seeds to Minimize the Wastage during Seed Cleaning and Grading | |
| ০৪. | Assessment of Irrigation Efficiency in saline prone Upazilas in Coastal Bangladesh. | |
| ০৫. | A Comperative Study of Quality Seed Demand Assessment by Public sector with Actual use of Quality Seed by Farmers. | |
| ০৬. | Apply of Different Techniques in Different Condition for Year round Mango Production. | |
| ০৭. | Rainwater banking for family farming in Coastal area in Bangladesh. | |